

১. ২০০৮-০৯ হতে ২০১৪-১৫ অর্থ বছর পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন নিম্নরূপ:

- ক) স্পারসোর Environment Disasters and Resources Monitoring System (EDREMOS) প্রকল্পের আওতায় স্পারসোকে শক্তিশালী করার জন্য অফিস ভবন সম্প্রসারণ করা হয়েছে।
- খ) স্পারসোর Environment Disasters and Resources Monitoring System (EDREMOS) প্রকল্পের আওতায় স্পারসোর গ্রাউন্ড স্টেশনসমূহ আপগ্রেডেশন করা হয়েছে।
- গ) স্পারসোতে Wideband Internetworking Engineering Test and Demonstration Satellite (WINDS) গ্রাউন্ড স্টেশন স্থাপন করা হয়েছে।
- ঘ) স্পারসোর Climate Change Research and Impact Study (CRAIST) প্রকল্পের আওতায় স্পারসোর কেন্দ্রীয় সার্ভার স্টেশন স্থাপন করা হয়েছে।
- ঙ) বাংলাদেশের জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশের কৃষি, পানি সম্পদ, মৎস্য সম্পদ, বন সম্পদের উপর এর প্রভাব Sectoral Study সম্পন্ন করা হয়েছে।
- চ) দূর অনুধাবন ও জি,আই,এস প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে পটুয়াখালি জেলার কুয়াকাটা সমুদ্রসৈকত সংলগ্ন এলাকায় বাংলাদেশের দ্বিতীয় সাবমেরিন কেবল ল্যান্ডিং স্টেশন স্থাপনের উপযোগিতা জরিপ সম্পাদন ও এ সংক্রান্ত প্রতিবেদন বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লি: কে সরবরাহ করা হয়েছে।
- ছ) দূর অনুধাবন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বাংলাদেশেস্থ যমুনা-ব্রহ্মপুত্র-মেঘনা নদী বেসিন এলাকার নদ-নদীসমূহের ভৌগলিক ডিজিটাল উপাত্তসম্ভার প্রস্তুত করা হয়েছে।
- জ) দূর অনুধাবন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বাংলাদেশের জলাবদ্ধ এলাকার মানচিত্র এবং ডিজিটাল উপাত্তসম্ভার প্রস্তুত করা হয়েছে।
- ঝ) অপটিক্যাল ও মাইক্রোয়েভ স্যাটেলাইট উপাত্ত ব্যবহার করে বাংলাদেশের স্বাভাবিক বন্যা প্লাবিত এলাকার ডিজিটাল উপাত্তসম্ভার প্রস্তুত করা হয়েছে।
- ঞ) দূর অনুধাবন ও জি, আই, এস প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সিলেট বিভাগের জলাশয় সংক্রান্ত ডিজিটাল উপাত্তসম্ভার প্রস্তুত করা হয়েছে।
- ট) Asia Pacific Space Cooperation Organization (APSCO) এর মাধ্যমে FY-2 Digital Video Broadcasting Satellite (DVBS) Satellite Receiving Station প্রতিষ্ঠা করা হয়েছে।
- ঠ) Climate Change Research and Impact Study (CRAIST) প্রকল্পের আওতায় স্পারসোতে APSCO Education & Training Centre স্থাপন করা হয়েছে। যা বর্তমানে স্পারসোর অত্যাধুনিক কম্পিউটার ল্যাব হিসেবে ব্যবহৃত হচ্ছে।
- ড) স্পারসো পররাষ্ট্র মন্ত্রণালয়ের United Nations Convention on the Law of the Sea (UNCLOS) বিষয়ক কার্যক্রমের আওতায় বাংলাদেশে সমুদ্র সীমা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে গঠিত কারিগরি কমিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ ক্ষেত্রে স্পারসো স্যাটেলাইট ইমেজভিত্তিক বাস্তব নির্ভরযোগ্য ও আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য তথ্য উপাত্ত সরবরাহ করেছে।
- ঢ) মিয়ানমারের সাথে সমুদ্রসীমা নির্ধারণের ক্ষেত্রে স্পারসো হতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহের ফলে আন্তর্জাতিক আদালতে বাংলাদেশে কাঙ্ক্ষিত অর্জনে সহায়ক হয়েছে।
- ণ) দেশের খাদ্য নিরাপত্তা ইস্যুতে প্রধান কৃষি ফসল ধানের স্যাটেলাইটভিত্তিক পর্যবেক্ষণ ব্যবস্থা শক্তিশালী করার একটি ধাপ সম্পন্ন হয়েছে। পরবর্তী ধাপের কাজ চলছে।

২. ২০১৫-১৬ অর্থ বছর উল্লেখযোগ্য অর্জন নিম্নরূপ:

- ক) বাংলাদেশে জলাবদ্ধতা নিয়মিতভাবে পর্যবেক্ষণের জন্য দূর অনুধাবন প্রযুক্তিভিত্তিক জাতীয় জলাবদ্ধতা পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন করা হয়েছে।

৩. ২০১৬-১৭ অর্থ বছর কর্মপরিকল্পনা নিম্নরূপ:

- ক) স্পারসোর MTSAT স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশনের কার্যকর থাকার মেয়াদ গত ০৪ ডিসেম্বর ২০১৫ শেষ হয়েছে। এ গ্রাউন্ড স্টেশনের পরিবর্তে নতুন গ্রাউন্ড স্টেশন স্থাপনের পরিকল্পনা আছে।
- খ) স্পারসোর NOAA স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশনের কার্যকর থাকার মেয়াদ শেষ হয়ে আসায় নতুন গ্রাউন্ড স্টেশন স্থাপনের পরিকল্পনা আছে।

গ) ESCAP এর মাধ্যমে Cyclone Tracking & Rainfall Estimation মডেল সংগ্রহ করার পরিকল্পনা আছে।

ঘ) বাংলাদেশে দূর অনুধাবন প্রযুক্তিভিত্তিক জাতীয় নদী পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপনের লক্ষ্যে ডিজিটাল উপাত্তসম্ভার প্রস্তুতকরণের কাজ সমাপ্ত করা হবে।

ঙ) দূর অনুধাবন প্রযুক্তিভিত্তিক জাতীয় বন্যা পর্যবেক্ষণ ব্যবস্থার উন্নয়নের জন্য গবেষণা কাজ চলমান রাখা হবে।

চ) দূর অনুধাবন ও জি, আই, এস প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বাংলাদেশের উপকূলীয় এলাকার ভৌগলিক তথ্য ব্যবস্থা স্থাপনের কার্যক্রম শুরু করা হবে।

8. ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ পর্যন্ত মধ্যমেয়াদী কর্মপরিকল্পনা নিম্নরূপ:

ক) কৃষি বিভাগের পরিচালনা কার্যক্রম বৃদ্ধি করা হবে।

খ) Quantitative approach এ প্রয়োগ করা হবে।

গ) উপগ্রহ প্রযুক্তি প্রয়োগে ইমেজভিত্তিক কৃষি তথ্য আহরণে প্রযুক্তিগত আধাস্বয়ংক্রিয় পদ্ধতি প্রবর্তন করা হবে।

ঘ) কৃষি তথ্য সহায়তার পদ্ধতির ব্যবহার বৃদ্ধি করা হবে।

ঙ) বাংলাদেশে উপগ্রহভিত্তিক কৃষি তথ্য পর্যবেক্ষণের উন্নয়ন করা হবে।

চ) বাংলাদেশে দূর অনুধাবন প্রযুক্তিভিত্তিক জাতীয় নদী পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপনের কাজ সমাপ্ত করা হবে।

ছ) বাংলাদেশে দূর অনুধাবন প্রযুক্তিভিত্তিক জাতীয় বন্যা পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপনের কাজ সমাপ্ত করা হবে।

জ) বাংলাদেশে দূর অনুধাবন প্রযুক্তিভিত্তিক জাতীয় খরা পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপনের কাজ সমাপ্ত করা হবে।

ঝ) দূর অনুধাবন ও জি, আই, এস প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বাংলাদেশের উপকূলীয় এলাকার ভৌগলিক তথ্যব্যবস্থা স্থাপনের কাজ সমাপ্ত করা হবে।